

মিহাদ ও জিসান হত্যার বিচারের দাবি

সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্ট নারায়নগঞ্জ জেলা শাখা

মিনহাজুল ইসলাম মিহাদ ও জিসান আহমেদের হত্যার প্রতিবাদে ছাত্র ফ্রন্ট নারায়নগঞ্জ জেলার উদ্যোগে ২০ আগস্ট স্থানীয় প্রেসক্লাবের সামনে মানববন্ধন অনুষ্ঠিত হয়। ছাত্র ফ্রন্ট জেলা শাখার সভাপতি সুলতানা আক্তারের সভাপতিত্বে সমাবেশে বক্তব্য রাখেন বাসদ জেলা সমন্বয়ক নিখিল দাস, সাংস্কৃতিক জোটের সহসভাপতি ধীমান সাহা জুয়েল, ছাত্রনেতা বেলাল হোসাইন, সফিকুল ইসলাম শিমুল, মুন্নি সরদার, নিহত জিসানের পিতা কাজিম আহমেদ, মিহাদের ভাই সিমরান খান, শিক্ষক আমিনুল ইসলাম ও নাজমা আক্তার।

নেতৃবৃন্দ বলেন, বন্দর থানার মিনহাজুল ইসলাম মিহাদ ও জিসান আহমেদকে হত্যা করেছে কিশোর গ্যাং। এ হত্যাকাণ্ডের সাথে যারা যুক্ত এবং এর পেছনে যারা আছেন তাদের প্রত্যেকের দৃষ্টান্তমূলক শাস্তি হওয়া উচিত। পাড়া-মহল্লায় কিশোর গ্যাং তৈরি শিক্ষার্থীদের শিক্ষাজীবন ধ্বংস করে দিচ্ছে। স্থানীয় স্বার্থায়েষী মহল কিশোরদের নানা অপকর্মের সাথে যুক্ত করে তাদের জীবন চরম অনিশ্চয়তা দিকে ঠেলে দিচ্ছে। সরকার দলীয় নেতাদের আশ্রয়-প্রশ্রয়ে প্রশাসনের নাকেরডগায় বেড়ে উঠে কিশোরদের নানা ধরনের গ্যাং। তাদের যুক্ত করা হয় নানা ধরনের অপরাধমূলক কাজে। যখন তাদের প্রয়োজন শেষ হয়ে যায় তখন তথাকথিত ক্রসফায়ারে হত্যা করা হয়। সরকার বিচারহীনতার ষড়যন্ত্র রওয়াজ চালু করেছে তার বলি হচ্ছে দেশের নিরাপরাধ সাধারণ মানুষ। বিচারহীনতার কারণেই কিশোরদের অপরাধ প্রবণতা বাড়ছে। নেতৃবৃন্দ পাড়া-মহল্লায় কিশোর গ্যাং বন্ধে কার্যকর উদ্যোগ গ্রহণ করার দাবি জানান।